বস্ত্রের বিপুল আয়োজন

**শিবদুর্গা বস্ত্রালয়**

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে ফাল্গুন বুধবার ১৩৬৮ ইংরাজী 7th Mar 1962 { ৪১শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

বিপুণতা আনবে।

প্রস্তুতকারক:

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

**ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল**

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৩শে ফাল্গুন বুধবার সন ১৩৬৮ সাল।

# নিরীহ-পীড়ন

—॰—

এক গ্রামে অনেক সম্প্রদায়ভুক্ত লোকের বাস। গ্রামে এক ঘর কুম্ভকার থাকিত। বেচারী খুব শান্ত-প্রকৃতির। হাঁড়ি, কলসী ইত্যাদি মাটির পাত্র প্রস্তুত করিয়া জীবিকা নির্ব্বাহ করিত। তার শিল্প কর্ম্ম এমন যে কারো সঙ্গে তার জন্য বিবাদ বিসম্বাদ করিতে হয় না। বড় বড় গৃহস্থ অনেকেরই পুকুর আছে। যে পুকুরের মাটিতে হাঁড়ি বেশ ভাল হয়, সে সেই পুকুরের মাটি বা পাঁক তুলিয়া নানা রকমের হাঁড়ি, শরা, গেলাস ইত্যাদি প্রস্তুত করে। গ্রামের আশে পাশে জঙ্গল হ'তে আগাছা ছোট ছোট ডাল কেটে এনে সেই হাঁড়ি পোড়ায়। তার নির্ম্মিত জিনিসের দামও খুব কম। কোনটি পয়সায় দুটো, কোনটি এক পয়সা, বড্ড জোর কলসী হ'লে ✓॰ এক আনা। তাতেই তার বেশ দিনপাত হ'য়ে বেশ সুখে স্বচ্ছন্দে কাল কাটায়। গ্রামের প্রধান ব্যক্তি একজন ব্রাহ্মণ। তিনি সংস্কৃত না জানলেও কথায় কথায় ( ংঃ ) অনুস্বর, বিসর্গ দিয়ে নিরক্ষর গ্রামবাসীদের কাছে বিদ্যা ফলান। তাঁর একটি পুকুর আছে, তিনি কুম্ভকারকে বললেন—দেখ্ পালের পো তুই সকলের পুকুর হ'তে মাটি কেটে হাঁড়ি গড়িস্, তাতে তাদের পুকুরের পঙ্কোদ্ধার হয়ে যায়। আমার পুকুরের মাটি নিস্ না কেন? করজোড়ে প্রণাম ক'রে কুম্ভকার ব্রাহ্মণকে বল্লো—দেবতা, আপনার পুকুরে বালি মাটি, ওতে হাঁড়ি হয় না। ব্রাহ্মণ চটে গিয়ে বলিলেন—আচ্ছা, বুঝবি, যেদিন আমার খপ্পরে পড়বি। কুমোরকে শাসিয়ে ঠাকুর মশাই কেবল ফাঁক খুঁজতে লাগলেন কিসে বেটাকে জব্দ করা যায়।

গ্রামখানির মধ্য দিয়ে জেলা বোর্ডের সড়ক রাস্তা গিয়াছে। কন্‌ট্রাক্টররা সেই রাস্তার পাশে গর্ত্ত ক'রে সড়কে মাটি দিয়েছে। বর্ষাকালে গর্ত্তে জল জমে গিয়েছিল। সেই জলে একটি ছেলে ডুবে মারা গিয়েছে। গ্রামে যে একটি শিশু হত্যা হলো, এর জন্য দোষী কে—নির্দ্ধারণের জন্য গ্রামে পঞ্চায়েত বসলো। সেই ব্রাহ্মণ পঞ্চায়েতের হেড ম্যান। তিনি জেলা বোর্ডের মেম্বর। এমনি আরও অনেকগুলি কাঙাল জব্দ করা অবৈতনিক হাতিয়ার তাঁর হাতে আছে। তিনি এই ঘটনার সব দোষই কুমোরের ঘাড়ে ফেলিবার ফন্দী করিলেন। সকলকে প্রশ্ন করিয়া আলোচনা করিলেন—জেলা বোর্ড মাটি কেটেছে, তাতে তো ছেলে ডোবেনি। বৃষ্টি হ'য়ে জল জ'মে ছেলে ডুবেছে। জেলাবোর্ড কোন দোষ করেনি। বৃষ্টি পড়েছে মেঘ হ'তে। মেঘ হয়েছে ধুমো উপরে উঠে। সকলের বাড়ীতে ধুমো হয় সামান্য সামান্য। বেশী ধুমো করে হাঁড়ি পোড়াতে বেটা কুমোর। ঠাকুর মশায়ের মতেই সকলের মত। সকলেই বল্লেন রায় লিখুন দেবতা। দেবতা সাধুভাষায় রায় লিখলেন—

"কুম্ভকারে ধূম্রাকার,  
ধূম্রাকারে মেঘাকার,  
মেঘাকারে জলাকার,  
জলাকারে ছেলে ডুবে মরলো।

মার বেটা কুমোরকে। নিরীহ কুম্ভকারের পীড়ন হলো। দুর্ব্বলকে সবলের এইরূপ অত্যাচার নীরবে সহ্য করিতে হয়।

---

## দুর্ঘটনা

কলিকাতা প্রেসিডেন্সী কলেজের প্রাঙ্গণে নব নির্ম্মিত ভবনের কতকাংশ ধসিয়া পড়াতে চারিজন শ্রমিক আহত হইয়াছে ও তাহাদের মধ্যে ১ জনের অবস্থা আশঙ্কাজনক। ভবনটা যখন রাজ্য সরকারের পূর্ত্ত-বিভাগের তত্ত্বাবধানে নির্ম্মিত হইতেছে তখন দক্ষ ইঞ্জিনীয়ার বা উপযুক্ত তত্ত্বাবধায়কের অভাবে এরূপ ব্যাপার ঘটিয়াছে তাহা বলা চলিবে না।

---

## আট জন ডাকাত গ্রেপ্তার

বহরমপুর থানার ভারপ্রাপ্ত কর্ম্মচারী গোপনে সংবাদ পাইয়া সদলে বেলডাঙ্গার নিকটবর্ত্তী একটি গ্রামে হানা দিয়া ৮ জন ডাকাতকে গ্রেপ্তার করিতে সমর্থ হইয়াছেন বলিয়া সরকারী সূত্রে জানা গিয়াছে। প্রকাশ যে, ধৃত ব্যক্তিগণ সকলেই মুসলমান এবং গত কয়েক মাস পূর্ব্বে কাঁঠালিয়া গ্রামে এক লোমহর্ষক ডাকাতিতে ইহারা লিপ্ত ছিল বলিয়া পুলিশ সন্দেহ করিতেছে।

—'আনন্দবাজার পত্রিকা'

---

## বহরমপুর লোকসভা কেন্দ্র

বহরমপুর লোকসভা কেন্দ্র হইতে শ্রীত্রিদিব-কুমার চৌধুরী ( আর-এস-পি ) কংগ্রেস প্রার্থী শ্রীখোন্দকার নজরুল হককে ৭৪০০ ভোটের ব্যবধানে পরাজিত করিয়া লোকসভায় নির্ব্বাচিত হইয়াছেন।

---

## মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্র

সৈয়দ বদরুদ্দোজা ( নি ) কংগ্রেস প্রার্থী শ্রীআবদুস সাত্তারকে ১৯৮০০ ভোটের ব্যবধানে পরাজিত করিয়া লোকসভায় নির্ব্বাচিত হইয়াছেন।

| | |
|---|---|
| সৈয়দ বদরুদ্দোজা ( নি ) | ১০২০৬৭ |
| শ্রীআবদুস সাত্তার ( কং ) | ৮২২৩১ |
| শ্রীআনন্দগোপাল চট্টোপাধ্যায় ( হিঃ মঃ ) | ২২৪৩ |
| শ্রীঅরূপকুমার আচার্য্য ( নি ) | ১০৯৬২ |

---

## সাধারণ নির্ব্বাচন

( মুর্শিদাবাদ মোট আসন ১৬ )

| | ১৯৫৭ | ১৯৬২ |
|---|---|---|
| কংগ্রেস | ১৫ | ৮ |
| আর-এস-পি | ০ | ৩ |
| কম্যুনিষ্ট | ০ | ১ |
| প্রঃ সঃ | ০ | ১ |
| নির্দ্দলীয় | ১ | ৩ |

কংগ্রেসের হার ৭, লাভ নির্দ্দলীয়ের ২, প্রজাসমাজতন্ত্রীর ১, আর-এস-পি-র ৩, কম্যুনিষ্টের ১

---

## জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্রের মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ।

৪নং ফরম ( রুল ৮ দ্রষ্টব্য )

১। যে স্থান হইতে প্রকাশিত হয়—জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

২। প্রকাশের সময়-ব্যবধান—সাপ্তাহিক

৩, ৪, ৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের নাম—শ্রীবিনয়কুমার পণ্ডিত

জাতি—ভারতীয় নাগরিক

বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ

জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

৬। এই সংবাদপত্রের স্বত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—

স্বত্বাধিকারী—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত,

পণ্ডিত-প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ

জেলা মুর্শিদাবাদ ( পঃ বঙ্গ )

আমি, শ্রীবিনয়কুমার পণ্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখ স্বাক্ষর—শ্রীবিনয়কুমার পণ্ডিত,

রঘুনাথগঞ্জ প্রকাশক।

৭ই মার্চ্চ, ১৯৬২

---

## অভিনন্দন ও সান্ত্বনা

তৃতীয় সাধারণ নির্ব্বাচন পর্ব্ব নির্ব্বাপিত হইয়াছে। যাঁহারা সফলকাম হইয়াছেন তাঁহাদের বন্ধুবান্ধব আত্মীয়স্বজন তাঁহাদিগকে অভিনন্দন জানাইয়াছেন। বিজয়ীগণও বন্ধুবান্ধবগণকে মিষ্টি-মুখ করাইয়া আপ্যায়িত করিয়াছেন।

যাঁহারা অসমর্থ হইয়াছেন তাঁহাদিগকে সান্ত্বনা দিবার জন্যও দরদী লোকের অভাব নাই। তবে নির্ব্বাচনকে যাঁহারা ভাগ্য পরিবর্ত্তনের মহাসুযোগ মনে করিয়া ঝাঁপাইয়া পড়িয়াছিলেন এবং ধনেপ্রাণে ক্ষতিগ্রস্ত হইয়াছেন তাঁহারা সহজে সান্ত্বনা পাইবেন না।

---

## কৃতজ্ঞতা স্বীকার

গত বিধান সভার নির্ব্বাচনে যে সকল সহকর্ম্মী, বন্ধু ও শুভানুধ্যায়ী আমাকে ভোট দিয়া কংগ্রেসকে জয়ী করিয়াছেন, আমি তাঁহাদিগকে ধন্যবাদ জানাইতেছি। বিধান সভার অধিবেশনে যোগদানের জন্য আমাকে শীঘ্রই যাইতে হইতেছে বলিয়া প্রত্যেকের নিকট নিজে গিয়া সাক্ষাৎ করিতে পারিলাম না। ঐখান হইতে ফিরিয়া আসিয়া দেখা করিবার ইচ্ছা আছে। অদূর ভবিষ্যতে অন্যান্য গঠনমূলক কার্য্যে আপনারা আমাকে এইভাবে সাহচর্য্য ও পরামর্শ দিয়া উৎসাহিত ও অনুপ্রাণিত করিলে যারপরনাই খুসী হইব। ইতি—

শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়, জঙ্গিপুর।

---

## ছয় জনের সলিল সমাধি

গত ১৩ই ফাল্গুন রবিবার বেলা ১০ ঘটিকার সময় ধুলিয়ানের নিকটবর্ত্তী প্রতাপগঞ্জ গ্রামের সম্মুখে একখানি যাত্রীবাহী নৌকা গঙ্গা নদীতে ঝড়ের সময় ডুবিয়া যাওয়ায় কয়েকজনের প্রাণহানি হইয়াছে। নৌকাখানি নিয়নসুখ হইতে যাত্রী লইয়া সাহানগর অভিমুখে যাইতেছিল। ঘটনার বিবরণে প্রকাশ, নৌকায় প্রায় ১৭।১৮ জন যাত্রী ছিল। ধুলিয়ান ছাড়িবার পর হঠাৎ ঝড় উঠায় নৌকাখানি নদীগর্ভে ডুবিয়া যায়। যাত্রীগণের মধ্যে এখনও ছয় জনের কোন সন্ধান পাওয়া যায় নাই। কয়েকজনকে উদ্ধার করা হয়। কিনারায় উঠিবার সময় একজন বৃদ্ধা মারা গিয়াছে। যাত্রীদের মধ্যে শিশুও রহিয়াছে। ধুলিয়ানের ঘাটে বাঁধা কয়েকখানি ডিঙ্গী নৌকা ঝড়ের প্রচণ্ড বেগে ডুবিয়া যায়, কাহারও প্রাণহানি হয় নাই।

---

## বেতনে বিলম্ব

প্রাথমিক শিক্ষকদের বেতন দেওয়ার ব্যাপারে অনিয়মের অভিযোগ নূতন নহে। পুনঃ পুনঃ এ সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তাঁহাদের নিয়মিত সময়ে বেতন দেওয়া সম্ভব হইতেছে না, ইহা সত্যই বিস্ময়ের কথা। সামান্য বেতনভোগী হইলেও এই সকল শিক্ষকের ঘর-সংসার আছে, ক্ষুধাতৃষ্ণার জ্বালা ও সামাজিক কর্ত্তব্য পালনের দায়িত্বও তাঁহাদের মোটা বেতনভোগীদের চেয়ে কম নহে। যাঁহারা অনেক টাকা বেতন পান, যথাসময়ে বেতন না পাইলে তাঁহাদেরও অসুবিধায় পড়িতে হয়। সেরূপ ক্ষেত্রে এই প্রাথমিক শিক্ষকদের দুর্ভোগের কথা সহজেই অনুমেয়। কাহার বা কাহাদের ঔদাসীন্যের ফলে প্রাথমিক শিক্ষকদের এইরূপ দুর্ভোগে পড়িতে হয় জানি না। কিন্তু অবিলম্বে ইহার প্রতিকার হওয়া একান্ত আবশ্যক।

---

## ধন্যবাদপত্র

কলিকাতার নবনির্ব্বাচিত প্রার্থীর ধন্যবাদপত্রের কিয়দংশ উদ্ধৃত করিলাম। আমার অসংখ্য ভোট-দাতাকে নমস্কার। তাঁদের প্রতি শ্রদ্ধা জানানো এখন আমার কর্ত্তব্য। এই সঙ্গে যে সকল কর্ম্মী আমার হয়ে কাজ করেছেন, যাঁরা আমার শুভাকাঙ্ক্ষী, যাঁরা বন্ধু তাঁদের সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমার জয়, তাঁদের সকলেরই। গণতন্ত্রের মহৎ সংগ্রামে ব্যক্তিগত কুৎসা প্রচারের কোন স্থান নেই। সে পথে জয়ী হওয়া যায় না। নির্ব্বাচনে এই চেষ্টা বাঞ্ছনীয়ও নয়।

মফঃস্বলের পরাজিত প্রার্থীর ধন্যবাদপত্র—এবারকার নির্ব্বাচনী দ্বন্দ্বে আমি পরাজিত হইলেও আপনারা আমাকে জয়যুক্ত করার জন্য যে অসীম পরিশ্রম ও ত্যাগ স্বীকার করিয়াছেন তাহার জন্য আমি আপনাদের আমার আন্তরিক অভিনন্দন জানাইতেছি। আইন সভায় আপনাদের প্রতিনিধিত্ব করার সুযোগ না পাইলেও আমি ও আমার দল সর্ব্বদায় আপনাদের স্বার্থে ও সেবায় নিযুক্ত থাকিব।

---

## ধামা চাপা

ক্ষুদ্র যাত্রীবাহী মোটর গাড়ী তৈরী করিবার যে সিদ্ধান্ত ভারত সরকার গ্রহণ করিয়াছেন, মনে হয় আপাততঃ সেটা ধামাচাপা পড়িয়াছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে ইহার উল্লেখমাত্র নাই এবং ইহার জন্য কোনও অর্থের বরাদ্দও তাহাতে করা হয় নাই।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

(ছাত্রবন্ধু পুস্তকালয়ের সম্মুখে)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪১৬৬ |



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমুর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট "আইওলিন" চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ